

**জাবিতে ছাত্রলীগের
দু'গ্রন্থপের সংঘর্ষের
ঘটনায় ৭ জনের
বিরুদ্ধে মামলা**

জাবি সবেদনাতা-
জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ে (জাবি)
দু'গ্রন্থপের সংঘর্ষের ঘটনায়
সাতজনের নাম উল্লেখ করে
আওলিয়া থানায় মামলা হয়েছে। আ
ফ ম কামাল উদ্দিন হল শাখা
ছাত্রলীগের সভাপতি আল-আমিন
মঙ্গলবার রাত ১০টার দিকে আওলিয়া
থানায় হত্যাকাণ্ডের অভিযোগে এ
মামলা দায়ের করেন। আসামিরা
হলেন- বসবন্ধু শেখ মুজিবুর রহমান
হলের আবাসিক ছাত্র ও বসবন্ধু হল
ছাত্রলীগ কর্মী শামীম মোস্তা, আশিক
ইকবাল, সৌরভ, মেহেদী, রনি,
তানভির ও মনোজিত।

ছাত্রলীগের আফ ম কামাল উদ্দিন
হল শাখার দুই কর্মীর ওপর হামলার
পরিপ্রেক্ষিতে মঙ্গলবার বিকেল
থেকেই রাত ৮টা পর্যন্ত কামাল উদ্দিন
ও বসবন্ধু হলের নেতাকর্মীদের মধ্যে
চরম উত্তেজনা বিরাজ করে। উভয়
গ্রন্থপের কর্মীরা দেশীয় অস্ত্র নিয়ে
মহড়া দেয়। পরে ছাত্রলীগের
উর্ধ্বতন নেতা ও বিশ্ববিদ্যালয়
প্রশাসনের সহযোগিতায় দু'পক্ষের
মধ্যে মীমাংসা করে দেওয়া হয়। পরে
রাত ১০টার দিকে আওলিয়া থানায়
আল-আমিন মামলাটি করেন।

দুই শিক্ষার্থীকে বহিষ্কারের
সুপারিশ : জাহাঙ্গীরনগর
বিশ্ববিদ্যালয়ের শৃঙ্খলা কমিটি
মঙ্গলবার ভর্তি পরীক্ষার্থীর কাছ থেকে
ছিনতাইয়ের ঘটনায় দুই শিক্ষার্থীকে
সাময়িক বহিষ্কারের সুপারিশ
করেছে। ওই দিন রাতেই শৃঙ্খলা
কমিটির জরুরি সভায় এ সিদ্ধান্ত
নেওয়া হয়েছে বলে সমকালকে
নিশ্চিত করেছেন প্রক্টর মোহা.
মুজিবুর রহমান।